

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 22 April, 2025

ঢাকা সিটি কলেজে হামলা ও ভাঙচুর চালিয়েছেন ঢাকা কলেজের শিক্ষার্থীরা। ঠিক কী কারণে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে তা তাত্ক্ষণিকভাবে জানা যায়নি। তবে ধারণা করা হচ্ছে, পূর্ব শত্রুতার জেরে এ ঘটনা ঘটে থাকতে পারে।

মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুর পৌনে ১২টার দিকে ঢাকা কলেজের একদল শিক্ষার্থী সিটি কলেজে গিয়ে হামলা চালান। এসময় তারা কলেজ চত্বরে ভাঙচুর করেন।

বর্তমানে সিটি কলেজের শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসের ভেতরে অবস্থান করছেন।

সিটি কলেজ-ঢাকা কলেজ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া

এর আগে সোমবার (২১ এপ্রিল) ঢাকা কলেজের এক শিক্ষার্থীকে মারধর করেন সিটি কলেজের শিক্ষার্থীরা। এ ঘটনার ভিডিও ও তথ্য ঢাকা কলেজের বিভিন্ন ফেসবুক গ্রুপে ছড়িয়ে পড়ে। এর জেরেই আজ সিটি কলেজে হামলা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

ঢাকা সিটি কলেজ শিক্ষার্থী কলেজ ক্যাম্পাস